DESCO
POWER IS YOURS

**ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড**

২২/এ, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ।
মোবাইল:+৮৮০১৭৭৭৭৬০৪৩১, ফোন:+৮৮০২৮৯০০৫০১
ফ্যাক্স: +৮৮০২৮৯০০৫০২
ই-মেইল-info@desco.org.bd
Web: www.desco.org.bd
www.desco.gov.bd

DESCO
POWER IS YOURS

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# স্মার্ট প্রি-পেমেন্ট মিটার




**ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড**
**২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯**

# স্মার্ট প্রি-পেমেন্ট মিটার

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার হলো নতুন প্রজন্মের ডিজিটাল মিটারিং ব্যবস্থা যেখানে টাকা রিচার্জের মাধ্যমে অগ্রীম বিদ্যুৎ ক্রয়পূর্বক গ্রাহক তার প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ ব্যবহার করতে পারে। এক্ষেত্রে গ্রাহক ব্যাংক বা ডেসকো'র ভেন্ডিং বুথে টাকা রিচার্জের পাশাপাশি ঘরে বসেই অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং ও স্মার্ট মোবাইল অ্যাপস এর মাধ্যমে যে কোন পরিমান টাকা রিচার্জ করে বিদ্যুৎ ব্যবহার করতে পারেন।

## সুবিধাদি

- → বিদ্যুৎ বিল দিতে গ্রাহককে কোন ঝামেলা পোহাতে হবে না। গ্রাহকরা মোবাইল ফোনে টাকা রিচার্জ করার মতো স্মার্ট মিটারে প্রয়োজনীয় বিদ্যুতের টাকা রিচার্জ করবেন।
- → গ্রাহক কি পরিমাণ বিদ্যুৎ ব্যবহার করছেন, কত খরচ হয়েছে, কত টাকা অবশিষ্ট আছে তা জানতে পারবেন। ফলে গ্রাহক তার ইচ্ছামতো বিদ্যুৎ সাশ্রয় করতে পারেন।
- → বিদ্যুৎ বিল বকেয়া হওয়ার কারণে লাইন কাটার টেনশন থাকবে না।
- → অপ্রত্যাশিত বিল প্রদানের কোন ঝামেলা নাই। গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার অনুযায়ী মিটার থেকে টাকা কাটা হয়।
- → মিটারে টাকা শেষ হয়ে যাওয়ার পূর্বে মিটার সয়ংক্রিয়ভাবে গ্রাহককে সংকেত দিবে, ফলে বিদ্যুৎ ব্যবহারে গ্রাহক আরও সচেতন হবেন।
- → গ্রাহকের অুসবিধার কথা চিন্তা করে সাপ্তাহিক ছুটির দিন, সরকারি ছুটির দিন ও ফ্রেন্ডলি আওয়ারে (বিকাল ৪ টা থেকে পরের দিন সকাল ১০ টা পর্যন্ত) মিটারে টাকা না থাকলেও মিটার বিদ্যুৎ সরবরাহ বন্ধ করবে না। এই সময় মিটার ক্রেডিটে বিদ্যুৎ সরবরাহ করবে। যা পরবর্তী রিচার্জে সমন্বয় করা হবে।
- → তাছাড়া ইমারজেন্সি ক্রেডিটেরও ব্যবস্থা আছে। উপরোক্ত সময়গুলো ছাড়াও যদি কোন সময় বিদ্যুৎ বন্ধ হয়ে যায় তাহলে গ্রাহক স্মার্টকার্ড বা বিশেষ বোতাম চাপ দিয়ে ইমারজেন্সি ক্রেডিট চালু করতে পারেন।

## কোথায়, কীভাবে রি-চার্জ করা যাবে

১। **ভেন্ডিং স্টেশন/ব্যাংকঃ** ডেসকো'র নির্ধারিত ভেন্ডিং বুথ ও অনুমোদিত ব্যাংক শাখা এবং ডাচ-বাংলা ব্যাংকের ফাস্ট ট্র্যাক। ডেসকো'র ভেন্ডিং স্টেশনের ঠিকানা সম্পর্কে জানতে ভিজিট করুন https://www.desco.org.bd/bangla/prepaid_vending_list.php

২। **মোবাইল অ্যাপসঃ** স্মার্ট ফোন এর মাধ্যমে স্মার্ট অ্যাপ বা ওয়েব এপ্লিকেশন ব্যবহার করে বিশ্বের যে কোন স্থান হতে ভিসা কার্ড, মাস্টার কার্ড এবং এমেক্স কার্ডের সাহায্যে মিটার রি-চার্জ করা যায়।

৩। **ইন্টারনেট ও মোবাইল ব্যাংকিংঃ** শিউরক্যাশ, মাই-ক্যাশ, বিকাশ, জি-পে, জি-পে অ্যাপস, নেক্সাস পে, টি-ক্যাশ, টেলিক্যাশ ও রকেটের মাধ্যমে মিটার রি-চার্জ করা যায়।

৪। **পয়েন্ট অব সেলস (POS)ঃ** সাউথইষ্ট এজেন্ট ব্যাংকিং ও গ্রামীন ফোনের নির্ধারিত এজেন্টের মাধ্যমে POS-Machine এর সাহায্যে গ্রাহকগণ খুব সহজেই সপ্তাহের যে কোন সময় মিটার রি-চার্জ করতে পারবেন।

## চার্জসমূহ

সাধারণ মিটারের অনুরুপ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের ক্ষেত্রে বাংলাদেশ সরকার/বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত হারে নিম্নবর্ণিত চার্জসমূহ আরোপ করা হয়ঃ

ক) ডিমান্ড চার্জঃ ভেন্ডিং করার সময় অনুমোদিত লোডের বিপরীতে প্রতিমাসে একবার ২৫ টাকা কিলোওয়াট হারে ডিমান্ড চার্জ কাটা হয়। পূর্ববর্তী মাসসমূহে ভেন্ডিং না করা হলে পরবর্তী ভেন্ডিং এর সময় ডিমান্ড চার্জ সমন্বয় করা হয়।

খ) মিটার রেন্টঃ গ্রাহক স্থাপনায় প্রদত্ত বৈদ্যুতিক মিটারটি ডেসকো হতে সরবরাহকৃত বিধায় গ্রাহককে প্রতি মাসে একবার সিঙ্গেল ফেজ মিটারের ক্ষেত্রে ৪০ টাকা এবং থ্রি ফেজ মিটারের ক্ষেত্রে ২৫০ টাকা মিটার রেন্ট প্রদান করতে হয়।

গ) এনার্জি চার্জঃ প্রতি ইউনিট বিদ্যুৎ ব্যবহারের জন্য বিইআরসি নির্ধারিত ট্যারিফ রেট অনুসারে গ্রাহকের মিটার থেকে টাকা কর্তন হয়।

ঘ) ভ্যাটঃ গ্রাহকের মোট বিলের উপর বিইআরসি নির্ধারিত (৫%) হারে প্রতিবার ভেন্ডিং করার সময় ভ্যাট কর্তন করা হয়।

বিদ্যুৎ ব্যবহারের সাথে সাথে মিটার এনার্জি চার্জ সংক্রিয়ভাবে সমন্বয় করে। অন্যান্য চার্জসমূহ ভেন্ডিং করার সময় রিচার্জকৃত টাকা হতে কেটে নেয়া হয়। **উল্লেখ্য, স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের জন্য অতিরিক্ত কোন চার্জ নেয়া হয় না বরং গ্রাহক ১% হারে রিবেট স্বরূপ অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহারের সুযোগ পাচ্ছেন।**

এলটি-এ আবাসিক সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ মিটারের ৩ কিলোওয়াট লোডের একজন গ্রাহকের ১০০০ টাকা রিচার্জের ক্ষেত্রে মিটারে এনার্জি চার্জ কত টাকা যাবে তার হিসাব নিম্নরূপঃ

| শ্রেণি | ভ্যাট (৫%) | ডিমান্ড চার্জ | মিটার রেন্ট | মোট চার্জ | রিবেট (১%) | মোট এনার্জি |
|---|---|---|---|---|---|---|
| | (রিচার্জকৃত টাকা ×৫)÷১০৫ | মাসিক ২৫ টাকা/কিঃওঃ | মাসিক সিঙ্গেল ফেজ-৪০ টাকা, থ্রি ফেজ-২৫০ টাকা | ভ্যাট+ ডিমান্ড চার্জ+ মিটাররেন্ট | {(রিচার্জকৃত টাকা- ভ্যাট ও মিটার রেন্ট) × ১}÷১০০ | (রিচার্জকৃত টাকা -মোট চার্জ)+রিবেট |
| এলটি-এ আবাসিক-সিঙ্গেল ফেজ | ১০০০×(৫÷১০৫)= ৪৭.৬২ | ১ মাস×(৩কিঃওঃ ×২৫) =৭৫ | ১ মাস × ৪০= ৪০ | ৪৭.৬২+৭৫+৪০=১৬২.৬২ | (১÷১০০) × (১০০০-৪০-৪৭.৬২)= ৯.১২ | (১০০০-১৬২.৬২)+৯.১২=৮৪৬.৫ |
| থ্রি ফেজ মিটার | ১০০০×(৫÷১০৫)= ৪৭.৬২ | ১ মাস× (৩কিঃওঃ×২৫) =৭৫ | ১ মাস× ২৫০=২৫০ | ৪৭.৬২+৭৫+২৫০=৩৭২.৬২ | (১÷১০০) × (১০০০-২৫০-৪৭.৬২)= ৭.০২ | (১০০০-৩৭২.৬২)+৭.০২=৬৩৪.৪ |

DESCO POWER IS YOURS | **Desco Smart Apps এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতি:**

- ❖ Play Store অথবা ওয়েবলিংক http://descoprepaid.sslwirless.com/app থেকে ডেস্কটপ, ল্যাপটপ অথবা স্মার্ট মোবাইল ফোনের মাধ্যমে ডেসকোর স্মার্ট অ্যাপস ডাউনলোড করুন
- ❖ Sign Up ক্লিক করে প্রদত্ত কাস্টমার আইডি, মোবাইল নম্বর ও PIN নম্বর টাইপ করে রেজিস্ট্রেশন করুন
- ❖ Sign In করে নির্দিষ্ট মিটারটি ভিসা কার্ড, মাস্টার কার্ড এবং এমেক্স কার্ড এর মাধ্যমে রি-চার্জ করুন

## রকেট এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতি:

### *322# ডায়াল করে রকেট একাউন্ট হতে DESCO- এর Pre-paid স্মার্ট মিটার রিচার্জ করতে নিম্নের ধাপগুলো অনুসরণ করুন

| ধাপ | স্ক্রিন | নির্দেশনা |
|---|---|---|
| ধাপ-১ | 1. Bill Pay 2. Send money 3. TopUp/Telco Service 4. Bank A/C 5. My Acc 6. Remittance 7. Cashout 8. Merchant pay 9. Toll Card 0. LogOut | 1 চেপে বিল পে সিলেক্ট করুন |
| ধাপ-২ | 1. Self 2. Other — X | 1 অথবা 2 চেপে Self/Other সিলেক্ট করুন |
| ধাপ-৩ | Enter ID 1. Desco 2. BTCL 3. DPDC 4. Other — 1 | 1 চেপে Desco সিলেক্ট করুন |
| ধাপ-৪ | 1. Pre-paid Meter 2. Post-paid Meter — 1 | 1 চেপে Pre-paid Meter সিলেক্ট করুন |
| ধাপ-৫ | Enter Desco Account No — xxxxxxx | DESCO Account No প্রদান করুন |
| ধাপ-৬ | Enter Amount — ▮▮▮▮▮▮▮▮/= | টাকার পরিমাণ প্রদান করুন |
| ধাপ-৭ | Pin — ▪▪▪▪ | পিন নম্বর প্রদান করুন |
| ধাপ-৮ | SMS | তাৎক্ষনিকভাবে রিচার্জ নিশ্চিতকরণ এসএমএস পাবেন |

রকেট APPS এর মাধ্যমে রিচার্জ করতে পাশের ধাপগুলো অনুসরণ করুন

- রকেট APPS- এ LOGIN করুন
- BILL Pay অপশন নির্বাচন করুন
- Enter Biller ID তে DESCO Pre-Paid Bill নির্বাচন করুন
- DESCO Account Number প্রধান করুন এবং রিচার্জ Amount উল্লেখ করুন
- Validate অপশন Press করুন
- রকেট PIN প্রধান করে আপনার স্মার্ট মিটার রিচার্জ করুন

তাৎক্ষনিকভাবে আপনার APPSএবং মোবাইলে রিচার্জ নিশ্চিতকরন Massageপাবেন।



## বিকাশ এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতি:

**১** — Dial *247# (Sent / Exit)
*247# ডায়াল করুন

**২** — bkash 1. Send Money 2.Mobile Recharge 3. Payment 4. Cash Out 5. Pay Bill 6. Rimittance 7. My bkash 8. Helpline (Sent / Exit)
পে বিল সিলেক্ট করতে 5 চাপুন

**৩** — Pay Bill 1.Electricity 2. Other 0. Main Menu (Sent / Exit)
ইলেকট্রিসিটি সিলেক্ট করতে 1 চাপুন

**৪** — Electricity 1. PALLI BIDYUT 2. NESCO 3. DESCO (PREPAID) 0. Main Menu (Sent / Exit)
ডেসকো সিলেক্ট করতে 3 চাপুন

**৫** — DESCO (PREPAID) 1. Bill Breckdown 2. Make Payment 0. Main Menu (Sent / Exit)
মেক পেমেন্ট সিলেক্ট করতে 2 চাপুন

**৬** — Pay Bill 1. Input Bill A/C Number 2. Saved Accounts 0. Main Menu (Sent / Exit)
একাউন্ট নম্বর সিলেক্ট করতে 1 চাপুন

**৭** — Enter Customer Bill A/C Number: (Sent / Exit)
SMART কার্ডে উল্লিখিত ৮ ডিজিট-এর কাস্টমার একাউন্ট নম্বর দিন
* কার্ডের উপর SMART লেখা থাকবে

**৮** — Enter Contact Number (Sent / Exit)
কন্টাক্ট নম্বর দিন

**৯** — Enter Account (Sent / Exit)
এমাউন্ট দিন

**১০** — Bill Payment To <Desco (Prepaid)> <Account Number> Coustomer Bill A/CNumber Contact Number <Contact Number> Amount: Tk <Amount> Enter Menu PIN to Confirm (Sent / Exit)
পে বিল-এর সামারি দেখে পিন নম্বর দিন

**১১** — Customer Receives two SMS notification(s): 1."Please wait for confirmation SMS" 2. Bill payment successful SMS (Sent / Exit)
কনফার্মেশন মেসেজ ও বিল পেমেন্ট মেসেজ পাবেন

## G-pay এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিঃ

**Step 1** — *777#

**Step 2** — Select Option 1. Airtime Recharge **2. BillPay** 3. Train Ticketing 4. Offer 5. Find Agent 6. Insurance Ser. Reg 7. My GPAY

**Step 3** — Select Option **1. NewBill** 2. Check Bill Status

**Step 4** — Select Option **1. Electricity** 2. Gas 3. Water 4. Internet

**Step 5** — Select Option 1. PDB 2. DPDC **3. DESCO** 4. WZPD

**Step 6** — Select Option 1. Post Paid **2. Smart Prepaid**

**Step 7** — Enter Meter No:


**Step 8** — Enter Amount:

**Step 9** — Company: Desco, Smart Meter No: 66311000003, Amount: 120, Energy: 113.29; VAT: 5.71.To Confirm Enter your PIN

**Step 10** — Recharge request accepted. The meter will be recharged soon

**Step 11** — SMS to Customer: Your DESCO smart prepaid meter recharge request is accepted for Meter No: 66311000003, Amount 120, Energy cost: 114.29, VAT: 5.71; Thanks & the meter will be recharged soon.


## G-pay Apps এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিঃ




ধাপ-১ ঃ জিপে লোডিং পেজ হতে "Electricity prepaid" নির্বাচন।




ধাপ-২ ঃ "Dhaka Electric Supply Company Limited" নির্বাচন করুন।




ধাপ-৩ ঃ মিটার নাম্বার ও হিসাব নাম্বার লিখুন।



ধাপ-৪ ঃ মিটার নাম্বার ও হিসাব নাম্বার লেখার পর "Submit" চাপুন।



ধাপ-৫ ঃ পরবর্তী কার্যক্রমের জন্য পিন নাম্বার লিখুন।




ধাপ-৬ ঃ বিল পরিশোধ নিশ্চিতকরণ এসএমএস প্রেরণ


## শিওর ক্যাশ এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিঃ




## My Cash এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিঃ




## T Cash এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিঃ




## Nexus pay এর মাধ্যমে ডেসকো'র স্মার্ট প্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতি:

- Nexus pay চালু করুন
- Log In করে Bill Pay অপশনে যান
- Biller ID নির্বাচন করুন
- নির্ধারিত ঘরে আপনার বিদ্যুৎ বিলের হিসাব নম্বর/Meter ID Enter করুন (Prepaid) বিলের ক্ষেত্রে রিচার্জ এমাউন্ট উল্লেখ করতে হবে)
- Nexus Pay PIN নম্বর প্রদান করুন
- Pay Bill অপশন ক্লিক করুন
- এরপর আপনার মোবাইলে একটি পেমেন্ট নিশ্চিতকরণ বার্তা পাঠানো হবে।

## মিটারের জরুরী তথ্য

- মিটারের Credit LED সবুজ থাকলে বুঝতে হবে মিটারে ১০০ টাকার অধিক ব্যালেন্স রয়েছে। ১০০.০০ টাকার নিচে ব্যালেন্স আসলে লাল বাতি প্রদর্শিত হবে। ২০.০০ টাকার নিচে ব্যালেন্স আসলে LED টি লাল বর্ণে জ্বলতে নিভতে থাকবে।
- মিটারের Credit LED সবুজ থাকা অবস্থায় Tampered LED টি লাল বর্ণে জ্বলতে থাকলে ও বিদ্যুৎ সরবরাহ সচল থাকলে এবং Display তে Tampered কথাটি প্রদর্শিত হলে বুঝতে হবে মিটারের গ্রাহক প্রান্তে Electrical wiring এর অসামঞ্জস্যতা রয়েছে। এতে স্বয়ংক্রিয়ভাবে বিদ্যুৎ বিচ্ছিন্ন হবে না।
- * Active Impulse LED টি বিদ্যুৎ ব্যবহারকালীন সময়ে লাল বর্ণে জ্বলতে নিভতে থাকবে।

- Tampered LED টি লাল বর্ণে জ্বলতে থাকলে ও বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকলে এবং Display তে প্রদর্শিত লেখা যদি OFF Tampered দেখায় বুঝতে হবে মিটারটিতে অবৈধ হস্তক্ষেপ করা হয়েছে। এরুপ হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিসকে অবহিত করুন।
- প্রতিদিন বিকাল ৪.০০ ঘটিকার পর হতে মিটারের টাকা শেষ হয়ে গেলে Friendly Hour সুবিধার আওতায় পরবর্তী দিন সকাল ১০.০০ টা পর্যন্ত Negative Credit এ বিদ্যুৎ ব্যবহারের সুযোগ পাওয়া যাবে। এক্ষেত্রে পরবর্তী দিন ১০.০০ ঘটিকার পূর্বেই রি-চার্জ করুন। সপ্তাহে শুক্রবার ও শনিবারসহ বাৎসরিক সরকারি ছুটির দিনগুলোতে গ্রাহক Negative Credit এ বিদ্যুৎ ব্যবহারের সুবিধা পাবেন। তবে উল্লিখিত দিন ও Friendly Hour এর পূর্বে টাকা শেষ হয়ে যাওয়ার কারণে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে উক্ত সুবিধা পাওয়া যাবে না।
- রি-চার্জকৃত টাকা শেষ হয়ে বিদ্যুৎ বন্ধ হলে মিটার কার্ডটি মিটারে প্রবেশ করালে জরুরী ঋণ (Emergency Credit) এর সুবিধায় ১০০.০০ টাকার বিদ্যুৎ ব্যবহার করা যাবে।
- যে কোন সময় জরুরী ঋণ (Emergency Credit) এর টাকা শেষ হলে বিদ্যুৎ বন্ধ হয়ে যাবে এবং রি-চার্জ না করা পর্যন্ত বিদ্যুৎ চালু হবে না।
- মিটারে বিদ্যুৎ ব্যবহারের তথ্যসমূহ দেখার জন্য কার্ডটি মিটারে প্রবেশ করান এবং নিম্নোক্ত স্মার্ট প্রি-পেমেন্ট মিটার (সিঙ্গেল ফেজ ও থ্রি-ফেজ ) এর ছকে প্রদর্শিত কোড অনুসারে তথ্য সংগ্রহ করুন।




1. Active impulse LED
2. Temper LED
3. Credit level LED
4. Scroll button

| কোড নং | কোডের বর্ননা (Code Description) | | | |
|---|---|---|---|---|
| | ডিসপ্লে | সিঙ্গেল ফেজ মিটার | ডিসপ্লে | থ্রি-ফেজ মিটার |
| ৫ | Credit | মিটারে জমাকৃত অবশিষ্ট টাকার পরিমাণ (Remaining balance in the meter in Taka) | Credit | মিটারে জমাকৃত অবশিষ্ট টাকার পরিমাণ (Remaining balance in the meter in Taka) |
| ৬ | KWH | এখন পর্যন্ত ব্যবহৃত সর্বমোট ইউনিট (Total consumption till now in KWH) | KWH | এখন পর্যন্ত ব্যবহৃত সর্বমোট ইউনিট (Total consumption till now in KWH) |
| ৭ | Taka | চলতি মাসের বর্তমান সময় পর্যন্ত খরচকৃত টাকার পরিমাণ (Taka used for the current month's billing period) | | |
| ৮ | KWH | চলতি মাসের বর্তমান সময় পর্যন্ত ব্যবহৃত ইউনিটের পরিমাণ (KWH used for the current month's billing period) | Credit | বর্তমান মাসে ব্যবহৃত টাকার পরিমাণ (Total Credited amount in Taka) |
| ৯ | Credit | গত মাসের বিলের টাকা (Last month's bill in Taka) | KWH | বর্তমান মাসে ব্যবহৃত ইউনিট (Current month consumption in KWH) |
| ১০ | KWH | গত মাসের ব্যবহৃত ইউনিট (Last month's consumption in KWH) | Credit | গত মাসের বিলের টাকা (Last month's bill in Taka) |
| ১১ | | | KWH | গত মাসের ব্যবহৃত ইউনিট (Last month's bill consumption in KWH) |
| ১৪ | Credit | বর্তমানে ব্যবহৃত বিদ্যুতের মূল্যহার টাকায় (Current unit rate per unit in Taka) | | |
| ১৫ | Date | বর্তমান তারিখ (Current Date) | Credit | বর্তমানে ব্যবহৃত বিদ্যুতের মূল্যহার টাকায় (Current unit rate per unit in Taka) |
| ১৬ | Time | বর্তমান সময় (Current Time) | Date | বর্তমান তারিখ (Current Date) |
| ১৭ | Kw | এই মুহূর্তে সংযুক্ত লোড (Current Load) | Time | বর্তমান সময় (Current Time) |
| ১৮, ১৯, ২০ | | | Kw | এই মুহূর্তে সংযুক্ত লোড (Current Load) |
| ২১, ২২, ২৩ | | | V | বর্তমান ভোল্টেজ (Present Voltage) |
| ২৪, ২৫, ২৬ | | | L | বর্তমান ভোল্টেজ (Present Voltage; Amps) |
| ৩১ | | | PF | পাওয়ার ফ্যাক্টর (Power Factor) |
| ৩৬ | | | | সিকুয়েন্স নম্বর (Sequence number ) |

এছাড়াও স্মার্ট প্রি-পেইড মিটার সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন-


**কেন্দ্রিয় অভিযোগ কেন্দ্র**
**প্রধান কার্যালয়**
২২/এ, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
মোবাইল:+৮৮০১৭৭৭৭৬০৪৩১, ফোন:+৮৮০২৮৯০০৫০১
ফ্যাক্স: +৮৮০২৮৯০০৫০২, ই-মেইল-info@desco.org.bd
Web: www.desco.org.bd, www.desco.gov.bd